# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

স্মারক নম্বর ৯/এস/৩৩৭৭ তারিখ ঃ ২২/০২/২০২১

প্রেরক ঃ চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক ঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ** ঃ উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় ঃ নওগাঁ জেলার সদর উপজেলাধীন বি.এইচ. স্কুল এন্ড কলেজ নামে নতুন প্রতিষ্ঠান স্থাপন-এর অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.৪৩.৬৪৬০.০০০.১৬.০০১.২০২০-১০৬৭ তারিখ ঃ ০১/১১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নওগাঁ জেলার সদর উপজেলাধীন বি.এইচ. স্কুল এন্ড কলেজ স্থাপনের যথার্থতা যাচাই এর লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

১৯.২.২১

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ছক - (ক)
## বিদ্যালয় স্থাপনের জন্য
## পরিদর্শন ছক

| | |
|---|---|
| স্কুলের নাম (প্রস্তাবিত) | : বি.এইচ. স্কুল এন্ড কলেজ |
| স্কুলের ঠিকানা | : ডাকঘর : নওগাঁ, উপজেলা : নওগাঁ সদর, জেলা : নওগাঁ |
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | : প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন<br>আই ডি নং- ৪৩৫৪<br>চেয়ারম্যান<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। |
| পরিদর্শনের তারিখ | : ২৬/১২/২০২০ খ্রি: |

| ক্র: নং | বিষয় | নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ | বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা | শর্ত পূরণ হয়েছে কি না এ সম্পর্কে মতামত |
|---|---|---|---|---|
| ১. | প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/মফস্বল) | | নওগাঁ সদর উপজেলায় তবে মফস্বল এলাকায় অবস্থিত | শর্ত পূরণকৃত |
| ২. | বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয়সমূহের নাম ও দূরত্ব | | দিক / বিদ্যালয়ের নাম / প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান হতে দূরত্ব<br>উত্তর / ফতেপুর উচ্চ বিদ্যালয় / ২.৫ কি: মি:<br>দক্ষিন / সীমান্ত পাবলিক উচ্চ বিদ্যালয় / ২.০০ কি: মি:<br>পূর্ব / বোয়ালিয়া উচ্চ বিদ্যালয় / ২.৫ কি: মি:<br>পশ্চিম / চাকলা উচ্চ বিদ্যালয় / ৬.০০ কি: মি: | শর্ত পূরণকৃত (দূরত্ব সনদ সংযুক্ত) |
| ৩. | প্রস্তাবিত থানা/উপজেলার মোট জনসংখ্যা | | নওগাঁ সদর উপজেলার মোট জনসংখ্যা- ৩,৫৪,৫৭০ জন।<br>(২০১১ সালের আদমশুমারী অনুযায়ী) | উপজেলা পরিসংখ্যান অফিসার-এর প্রত্যয়ন সংযুক্ত |
| ৪. | প্রস্তাবিত থানা/উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা | | **নওগাঁ সদর উপজেলায় বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা- ৫৫ টি। তন্মধ্যে-**<br>১। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা - ০১ টি<br>২। মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সংখ্যা - ০৯ টি<br>৩। মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা - ৪৫ টি<br>সর্বমোট = ৫৫ টি | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রদত্ত তালিকা সংযুক্ত |
| ৫. | প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা | | ০৩ টি<br>(১) সিমান্ত পাবলিক স্কুল (২) বোয়ালিয়া উচ্চ বিদ্যালয় (৩) ফতেপুর উচ্চ বিদ্যালয় | শর্ত পূরণকৃত |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ............

৭৪

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা ? | | বিদ্যালয় এলাকার জনসংখ্যা প্রায় ১০,০০০ জন এর পার্শ্ববর্তী শহর ও শহরতলী এলাকায় জনসংখ্যা অত্যন্ত ঘনবসতিপূর্ণ হওয়ায় এই এলাকায় নতুন বিদ্যালয়ের প্রয়োজনীয়তা আছে মর্মে প্রতিয়মান হয়। | শর্ত পূরণকৃত |
| ৭. | সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশে) | | ২০৩৭৩ শতাংশ | শর্ত পূরণকৃত |
| ৮. | জমি প্রাপ্তির উৎস | | উদ্যোক্তা সভাপতির নিজ নামীয় জমি ও তাহার অন্যান্য কোম্পানী হতে। | শর্ত পূরণকৃত |
| ৯. | উদ্যোক্তা/উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান | | বি.এইচ স্কুল এন্ড কলেজ এর উদ্যোক্তা মোঃ বেলাল হোসেন একজন সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। তিনি ১৯৫৬ ইং সনে নওগাঁ সদর থানার পাঁচবাড়ীয়া গ্রামে জন্মগ্রহণ করেন। পিতার নাম আলহাজ্ব মোহাম্মদ আলী, মাতা মাজেদা বেগম। তাহার বাবা একজন ব্যবসায়ী ছিলেন তাই ছোট বেলা থেকেই একজন ব্যবসায়ী হওয়ার স্বপ্ন তাহার মধ্যে ছিল। সেই মোতাবেক বাবার মৃত্যুর পর শৈশব কাল থেকেই লেখাপড়ার পাশাপাশি ধান-চাউলের ব্যবসার সহিত জড়িয়ে পড়েন। ১৯৮০ ইং সনে প্রথম হাস্কিং মিল পরবর্তীতে ১৯৮৪-৮৫ সনে ট্রেডিং/আড়ৎদারী, আমদানী-রপ্তানী ব্যবসা শুরু করেন। ব্যবসায় প্রসার লাভের পর পর্যায়ক্রমে বেলকোন কোম্পানী প্রাঃ লিঃ, নাদিয়া ফুড এন্ড এগ্রোঃ ইন্ডাঃ প্রাঃ লিঃ এবং বি.এইচ হাইটেক ফুড ইন্ডাঃ প্রাঃ লিঃ নামে ৩ টি অত্যাধুনিক অটোমেটিক রাইস মিল তৈরী করেন। যেখানে কয়েক হাজার লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে যাহা উত্তর বঙ্গের মধ্যে বৃহত্তম। তাহার মিলে উৎপাদিত চাউল গুনে ও মানে অত্যান্ত ভাল হওয়ায় রজনীগন্ধা মার্কায় সারা দেশে অত্যান্ত সু-পরিচিত লাভ করে। পরবর্তীতে বি.এইচ স্পেশালাইজ কোল্ড ষ্টোরেজ নামে একটি অত্যাধুনিক মাল্টি পারপাস কোল্ড ষ্টোরেজ স্থাপন করেন। বর্তমানে তিনি দেশের একজন সনামধন্য ব্যবসায়ী, আমদানীকারক ও রপ্তানীকারক হিসাবে দেশে অত্যন্ত সুপরিচিত। এসব ব্যবসার পাশাপাশি ২০০০ ইং সনে তিনি যমুনা ব্যাংক লিঃ এর উদ্যোক্তা পরিচালক হিসাবে যোগদান করেন। দেশের সনামধণ্য ব্যবসায়ী হিসাবে তিনি প্রেসিডেন্ট এ্যাওয়ার্ড, অতিশ দিপঙ্কর পদক, এফ.এন.এস বিজনেস এ্যাওয়ার্ড লাভ করেন। এছাড়া তিনি একজন বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক হিসাবে তাহার দ্বায়বদ্ধতা থেকে বিভিন্ন ধরনের সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ, হত-দরিদ্রদের আর্থিক সহায়তা প্রদান, সমাজের অসহায় দরিদ্র মানুষের পার্শ্বে দাড়ানো ও সাবলম্বী করে তোলা, গৃহহীন মানুষের জন্য বাসস্থানের ব্যবস্থা সহ সারাবছর বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহণ করে থাকেন। তিনি একজন সমাজসেবক হিসাবে করোনা মোকাবেলায় সরকারের পাশাপাশি প্রায় ২০,০০০ (বিশ হাজার) পরিবারকে খাদ্য-শস্য ও অর্থনৈতিক সহায়তা প্রদান করিয়াছেন। তিনি নওগাঁ জেলা ক্রিড়া সংস্থা, ডায়াবেটিক সমিতি, নওগাঁ টেনিস ক্লাব এর আজীবন সদস্য এবং রেড ক্রিসেন্ট সোসাইটি, রাইস মার্চেন্ট এ্যাসেসিয়েশন, জেলা চেম্বার অব কমার্স এর উপদেষ্টা পরিষদ এর সদস্য হিসাবে যুক্ত আছেন। বর্তমানে তিনি সম্পূর্ণ নিজ উদ্যোগে ও অর্থায়নে নওগাঁয় শিক্ষার মান উন্নয়নের জন্য ১টি উন্নত ও আধুনিক মানসম্পন্ন স্কুল ও কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে। পাশাপাশি একটি আধুনিক মানসম্মত হাসপাতাল নির্মাণের পরিকল্পনা হাতে আছে। | শর্ত পূরণকৃত |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ............

৭৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা | | প্রস্তাবিত বি.এইচ. স্কুল এন্ড কলেজ, কাদোয়া, নওগাঁ সদর এর অবস্থা পৌর এলাকার বাহিরে, এই এলাকার জনসংখ্যা ১৫,০০০ (পনের হাজার) এর অধিক। প্রস্তাবিত বি.এইচ স্কুল এন্ড কলেজটি আধুনিক সুযোগ-সুবিধা যেমন নিজস্ব খেলার মাঠ, অডিটোরিয়াম, লাইব্রেরী, প্রত্যেক ক্লাস রুমে ওয়াইফাই ও মাল্টিমিডিয়ার ব্যবস্থা, নামাজের ঘর, টিচার ও ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা কমনরুম ও ওয়াস রুম সুবিধা, যাতায়াতের জন্য বাস, অভিভাবকদের জন্য ওয়েটিং রুম, পরবর্তীতে শিক্ষকদের থাকার জন্য বাসস্থানের ব্যবস্থা, ছাত্রাবাস সহ অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হবে। শিক্ষার্থীদের জন্য সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা গ্রহণ, আলাদা কোচিং এর ব্যবস্থা সহ একটি মানসম্পন্ন স্কুল এন্ড কলেজ নির্মাণ করা হইবে বলিয়া উদ্যোক্তা জানান। প্রস্তাবিত স্কুল ও কলেজটি উদ্যোক্তা নিজস্ব অর্থায়নে নির্মাণ ও পরিচালনা করিবেন মর্মে জানান। নওগাঁ জেলা সদরে মাধ্যমিক পর্যায়ের বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান থাকিলেও ঘনবসতির কারণে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এছাড়া জেলা সদরের পার্শ্ববর্তী এলাকাগুলিও ঘনবসতিপূর্ণ। অত্র এলাকার ছাত্র-ছাত্রীরা মানসম্মত স্কুলে লেখাপড়ার কথা চিন্তা করিলে পার্শ্ববর্তী জেলা রাজশাহী ও বগুড়ার কথা চিন্তা করে যাহা তাহাদের জন্য অত্যন্ত ব্যয়বহুল হয়। উপরোক্ত সকল বিষয় বিবেচনা করিয়া উক্ত এলাকায় প্রস্তাবিত বি.এইচ. স্কুল ও কলেজ নির্মাণ যৌক্তিক বলিয়া প্রতিয়মান হয়। | শর্ত পূরণকৃত |
| ১১. | বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান | | বর্তমানে উদ্যোক্তা সম্পূর্ণ নিজ উদ্যোগে বিদ্যালয় নির্মাণ ও পরিচালনা করিবেন। পরবর্তীতে ট্রাষ্ট গঠন করিয়া সেই তহবিল হইতে বিদ্যালয় পরিচালিত হইবে। | শর্ত পূরণকৃত |

১২. পরিদর্শন কর্মকর্তার সুস্পষ্ট মতামত/সুপারিশ :

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.৪৩.৬৪৬০.০০০.১৬.০০১.২০২০-১০৬৭ তারিখ : ০১/১১/২০২০ খ্রিঃ পত্রের নির্দেশনা মোতাবেক নওগাঁ জেলার সদর উপজেলাধীন **"বি. এইচ. স্কুল এন্ড কলেজ"** নামে নতুন একটি প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন পূর্বক পরিদর্শন মন্তব্য নিম্নে উপস্থাপন করা হ'ল।

আলোচ্য প্রতিষ্ঠানটি নওগাঁ জেলার সদর উপজেলা শহরতলীতে নওগাঁ-বগুড়া হাইওয়ের পাশে সুন্দর ও মনোরম পরিবেশে অবস্থিত। শহরতলী ও মফস্বল এলাকায় অবস্থিত এই প্রতিষ্ঠানটির যোগাযোগ ব্যবস্থা, ভৌগোলিক অবস্থান ও ভৌত অবকাঠামো ভাল। বিশেষভাবে উল্লেখ্য যে, নওগাঁ জেলা শহরটি ক্রমশ উত্তর দিকে বর্ধিষ্ণু এবং নতুন আবাসন পরিকল্পনার মধ্যে রয়েছে। প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়টি অত্যন্ত সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে প্রতীয়মান হয়। পরিদর্শনকালে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানটি স্থাপনের বিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। ২ কিলোমিটারের মধ্যে কোন বিদ্যালয় না থাকায় প্রতিষ্ঠানটি স্থাপিত হলে অত্র অঞ্চলে শিক্ষার প্রসারে অবদান রাখার সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে **"বি. এইচ. স্কুল এন্ড কলেজ"** নামে নতুন প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

২৪.২.২১

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
আই ডি নং- ৪৩৫৪
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
ফোন : ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।